গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং ইউনিট]

Mr. Shamim
Programmer
28.06.2020

**সাধারণ রুলিং নং-০১/২০২০**

নথি নং-০৮.০১.০০০০.৫৪.০৫.০০৩.১৬/২২ তারিখ ঃ ২৫/০৩/২০২০ খ্রিঃ।

মোঃ শফিকুর রহমান
সিস্টেমস ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**বিষয় ঃ আমদানিকৃত Clean & Clear foaming face wash নামীয় পণ্যের শ্রেণিবিন্যাস।**

সূত্র: (১) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.৫৪.০৫.০০৩.১৬/৬৫ তারিখ-১৪/০৩/২০১৭ খ্রিঃ।
(২) কাস্টম হাউস, চট্টগ্রামের পত্র নথি নং-১১০৩/এপি/সেকশন-৭(এ)/২০১৯-২০২০ তারিখ:২২/০৩/২০২০ খ্রিঃ।
(৩) এমএফ কনজিউমারস লিঃ এর পত্র নং-নাই, তারিখ-১৬/০৩/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, এমএফ কনজিউমারস লিঃ কর্তৃক আমদানিকৃত Clean & Clear foaming face wash নামীয় পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক সূত্র (১) এবং আমদানিকারক কর্তৃক সূত্র (৩) এর এর মাধ্যমে নির্দেশনা চাওয়া হয়। সমজাতীয় পণ্য বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত সূত্র (৩) এর পত্রটির আলোকে বর্ণিত পণ্যটির শ্রেণিবিন্যাস বিষয়ে সিদ্ধান্ত চাওয়া হলে বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পর্যালোচনা করা হয়েছে।

২। পর্যালোচনায় দেখা যায় যে, বিল অব এন্ট্রি নং- সি-১৭২০৫৮৬ তারিখ: ০৭/১১/২০১৯ ও সি-১৭২০৫৮৪ তারিখ ০৭/১১/২০১৯ মূলে ভারত থেকে Jhonson Brand এর Clean & Clear Foaming Face Wash HS Code 3401300 ঘোষনায় আমদানি করা হয়। ঘোষিত HS Code এর পরিবর্তে HS Code 3304.99.00 এ পণ্যটি শুল্কায়নযোগ্য মর্মে কাস্টম হাউস, চট্টগ্রাম মতামত পোষণ করে। তবে এতে আমদানিকারকের দ্বিমত থাকায় কাস্টম হাউস কর্তৃক পোর্ট ডেমারেজ এড়ানোর স্বার্থে দুই কোডের পার্থক্যজনিত শুল্ক-করের সমপরিমান ব্যাংক গ্যারান্টি গ্রহণ করে সাময়িক শুল্কায়নের মাধ্যমে পণ্যচালান খালাসের সিদ্ধান্ত গ্রহণ করে। একই সাথে পণ্যটির HS Code সংক্রান্ত জটিলতা নিরসনে কতিপয় বক্তব্য পর্যালোচনাপূর্বক চূড়ান্ত সিদ্ধান্তের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের দিক নির্দেশনা কামনা করেছেন। আমদানিকারকও অভিন্ন বিষয়ে পৃথক আবেদনে পণ্যটি ঘোষিত HS Code শুল্কায়নের নির্দেশনা প্রাপ্তির জন্য অনুরোধ করে।

৩। হিমালয়া ড্রাগ কোম্পানির চিঠির প্রেক্ষিতে সূত্র (১) এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ইতঃপূর্বে এ জাতীয় পণ্যের বিষয়ে একটি রুলিং প্রদান করা হয়েছে। সেখানে বিভিন্ন ধরণের Face Wash এর সঠিক শ্রেণিবিন্যাসকরণের বিষয়ে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত পত্রের বিষয়বস্তু, বর্তমানে আমদানিকৃত পণ্য এর সংশ্লিষ্ট পর্যালোচনা নিম্নরূপ:

(ক) তুলনামূলক ছক

| | বর্তমান চালান | **NBR এর Ruling** | | |
|---|---|---|---|---|
| Description | Clean & clear foaming face wash | Purifying Neem Face Wash | Moisturizing Aloe Vera face wash | Himalaya Fairness Kesar face wash instant glow |
| Specification | Gently removes dirt, oil & pimple-causing germ. Its special ingredient help prevent pimple | A soap-face, herbal formulation that gently removes impurities and prevent pimples. | Prevent drying, cools & softens dry skin, follow with lotion. | A-soap free, herbal formulation Fairness Kesar face wash brightens and Preveals Glowing Skin. Enrich with kesar |
| Ingredients | Water, TriethanolamineMyristic Acid, e915 Alkyl Phosphate, Lawric Acid, Glycerin, HydroxypropylMethyl celluloac, BHT Road4, etc | Neem (NimbaAzadirachta indicia), turmeric (Haridra/Curcuma Longal) Plenoryethanol, Brilliant Blue, etc | Aqua, Ammonium Laureal Sulfate, Cocamidopropyl Betaine, stearic acid, glycerin, glycol, stearate Fragrance, cucumis (cucumber) sativus, fruit extracts etc | Kesar, Aqua, Ammonium Laureal Sulfate, Cocamidopropyl Betaine, distearate, Citric acid, cucumis (cucumber) sativus, fruit extracts etc |
| | আমদানিকারক ঘোষিত | **NBR এর Ruling এর মাধ্যমে নির্ধারিত** | | |
| HS Code | 3401.30.00 | 3304.99.00 | 3401.30.00 | 3401.30.00 |

(খ) আমদানিকৃত পণ্যটির Specification: Total Clean Technology (oil free) gently removes dirt oil and pimple-causing germs. Clean & Clear Foaming Face Wash is specially designed for young skin to removes excess oil, while its special ingredients help prevent pimples।

(গ) জাতীয় রাজস্ব বোর্ডের Ruling: যে Face Wash সমূহ anit-acne preparations হিসেবে কাজ করে এবং skin cleansing এর মাধ্যমে beautification করে, সেসব Face Wash GIR এর Rule 1 ও 6 অনুযায়ী HS Code 33049900 এ শ্রেণিবিন্যাসযোগ্য। অন্যদিকে যদি Surface active agent থাকে এবং তা শুধু skin clearing/ skin washing এর কাজে ব্যবহৃত হয়, তা GIR এর Rule 1 ও 6 অনুযায়ী HS Code 3401.3030.00 তে শ্রেণিবিন্যাসযোগ্য। Purifying neem face wash বর্ণনা অনুযায়ী, পণ্যটি Effectively control acne and pimples এবং use regularly for clear soft and pimple free skin অর্থাৎ পণ্যটি anti-acne preparation হিসেবে কাজ করে এবং skin cleansing এর মাধ্যমে beautification করে। বিধায় পণ্যটি HS Code 3304.99.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য।

(ঘ) অন্যান্য কাস্টমস হাউস হতে প্রাপ্ত তথ্য: কাস্টম হাউস, ঢাকা, কাস্টম হাউস, বেনাপোল এবং কাস্টম হাউস, মোংলায় জাতীয় রাজস্ব বোর্ড এ উল্লেখিত Ruling এর নির্দেশনা অনুযায়ী শুল্কায়ন অনুযায়ী করা হচ্ছে। কস্টমস হাউস, বেনাপোল এ বিগত ০১ বছরে হুবহু একই ব্র্যান্ডের পণ্য আমদানি না হলেও Garnier ব্র্যান্ডের Face wash that prevent pimple and acne (anti acne preparation) HS code 3304.99.00 এ শুল্কায়ন করা হয়। কাস্টম হাউস, ঢাকায় এ জাতীয় Face wash উল্লেখিত Ruling অনুযায়ী শুল্কায়ন করা হয়। কাস্টম হাউস (আইসিডি), কমলাপুরে আলোচ্য পণ্যটি HS Code 3401.30.00 তে শ্রেণিবিন্যাসপূর্বক শুল্কায়ন করা হয়।

(ঙ) কাস্টম হাউস, চট্টগ্রামের পর্যবেক্ষন ও মতামত: পণ্যটির Specification "Gently Removes Dirt, oil & Pimple-causing germ & its special ingredients help prevent pimple" উল্লেখ থাকায় তা H S code 3304.99.00 এ শুল্কায়নযোগ্য।

(চ) আমদানিকারকের বক্তব্য: পণ্যটি শুধু Face Cleaning এর কাজ করে, এটি Beautification এর কাজ করে না। এটি ব্যহারের পর Lotion or Cream ব্যবহার করতে হয় বিধায় পণ্যটি ঘোষিত HS Code এ শুল্কায়ন যোগ্য। কেননা জাতীয় রাজস্ব বোর্ডের রুলিং অনুযায়ী যে সকল Face wash দিয়ে মুখ ধোয়ার পর beautification এর জন্য কোনো ক্রিম বা লোশন ব্যবহার করতে হয় তা এইচএস কোড 3401.39.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য। তাছাড়াও এ পণ্যটি এ যাবৎকালে তারা ঘোষিত HS Code ই শুল্কায়ন করে আসছেন। বিদেশি রপ্তানিকারক, পণ্যটি থাইল্যান্ড, নেপাল, শ্রীলংকা প্রভৃতি দেশে রপ্তানিতে ঘোষিত HS Code ব্যবহার করেন।

৪। উল্লেখ্য, উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে Bangladesh Csutoms Tariff (BCT) হেডিং 33.04 এ Beauty or make-up preparations and preparations for the care of the skin (other than medicaments), including sunscreen or sun tan preparations; manicure or pedicure preparations এর পণ্যসমূহ শ্রেণিবিন্যাসিত হবার বিধান রয়েছে। World Customs Organization (Explanatory Notes) এর ব্যাখ্যানুযায়ী সেখানে Medicament নয় এরূপ কোনো পণ্য বাহ্যিক সৌন্দয্যবর্ধণের কাজে ব্যবহার হলে তাও অন্তর্ভুক্ত হবে। এ জাতীয় পণ্যের মধ্যে রয়েছে face cream, face powder, cold cream, makeup cream, cleansing cream প্রভৃতি। এছাড়াও "anti-acne preparations (other than soaps of heading34.01) which are designed primarily to cleanse the skin and which do not contain sufficiently high levels of active ingredients to be regarded as having a primary therapeutic or prophylactic effect against acne" অর্থাৎ সাবান ব্যাতিত Anti Acne Preparations কেও এখানে অন্তর্ভুক্ত করা হয়েছে যা প্রধানত Acne এর চিকিৎসা পণ্য নয় বরং ত্বক-পরিষ্কারক। তবে এক্ষেত্রে ৩টি শর্ত পরিপালনীয় হবে, যথা:-

(ক) পণ্যটি সাবান নয় এমন পদার্থ হতে হবে;
(খ) পণ্যটি প্রধানত ত্বক-পরিষ্কারক হতে হবে; এবং
(গ) পণ্যটি স্বল্পমাত্রায় Acne এর চিকিৎসা পণ্য (Theraputic or prophylactic) হতে পারবে;

অন্যদিকে, হেডিং ৩৪.০১ এর বর্ণনা Organic surface-active products and preparations for washing the skin, in the from of liquid or cream and put up for retail sale, whether or not containing soap মর্মে রয়েছে। এর Explanatory Notes এর ব্যাখ্যায় বলা হয়েছে 'This part includes preparations for washing the skin, in which the active component consists wholly or partly of synthetic organic surface active

agents (Which may contain soap in any proportions), provided, they are in the form of liquid or cream and put up for retail sale"| ভারতীয় একটি ওয়েবসাইট, www.zauba.com হতে তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, আলোচ্য পণ্যটি তাদের আমদানি ডাটাবেজে আলোচ্য দুইটি হেডিং এ শ্রেণিবিন্যাস করা হয়েছে। উল্লেখ্য, গুগল হতে ওয়েবসাইট তথ্য পর্যালোচনায় দেখা যায় যে The bacteria that cause pimples are called Propionibacterium acnes, or P. acnes for short. These bacteria live on your skin all the time. They become a problem only when a pore becomes blocked. This happens when excess oil or sebum mixes with dead skin cells to form a "plug." The bacteria build up in the oil inside the blocked pore. The body responds by sending cells to kill the bacteria, causing the pore and surrounding skin to swell and creating the little red bumps with white centers known as pimples.

৫। উপর্যুক্ত পর্যালোচনায় দেখা যায় যে আলোচ্য পণ্যটি Anti Acne Preparations হিসেবে অনুচ্ছেদ ৪ এ উল্লিখিত ৩টি শর্তই পূরণ করে। কেননা পণ্যটিতে সাবান তৈরির প্রধান উপাদান কার্বন অনুযুক্ত Fatty Acid বা Rosin Acids নাই। এটি একটি ত্বক পরিষ্কারক রাসায়নিক মিশ্রণ। একই সাথে পণ্যটি pimples সৃষ্টিকারী acnes ব্যাকটেরিয়া ধ্বংস করে। সে বিবেচনায় আমদানিকৃত Clean & Clear foaming face wash নামীয় পণ্যটি এবং সমজাতীয় অন্যান্য পণ্য Bangladesh Cutoms Tariff (BCT) এর General Rules for interpretation of the harmonized system এর Rule 1 ও 6 অনুযায়ী HS Code 3304.99.00 তে শ্রেণিবিন্যাসযোগ্য।

৬। বর্ণিত প্রেক্ষাপটে, অনুচ্ছেদ ৫ এ প্রদত্ত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো। একই সাথে ইতঃপূর্বে খালাসকৃত কোন পণ্যচালানে উপর্যুক্ত বিষয়টি পরিপালন না হয়ে থাকলে তা খালাসোত্তর নিরীক্ষার মাধ্যমে অনাদায়ী রাজস্ব আদায়ের কার্যক্রম গ্রহণপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করতে অনুরোধ করা হলো।

স্বাঃ

মোঃ জাহাঙ্গীর আলম
দ্বিতীয় সচিব
কাস্টমস ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

**বিতরণ ঃ**

১-৬। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/বেনাপোল/মোংলা/পানগাঁও, ঢাকা।
৭-১৭। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/যশোর/কুমিল্লা/সিলেট।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, এমএফ কনজিউমারস লিঃ, এ্যাংকর টাওয়ার, ১০৮, সিআরদত্ত রোড, ঢাকা-১২০৫।

নথি নং-০৮.০১.০০০০.৫৪.০৫.০০৩.১৬/ তারিখ ঃ ২৫/০৩/২০২০ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২। পি.এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। পি.এ. টু সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৫/০৩/২০২০

মোঃ জাহাঙ্গীর আলম
দ্বিতীয় সচিব
কাস্টমস ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং